প্রথম আলো

তারিখ 11 APR 2016
পৃষ্ঠা ৪ কলাম ৬

শিক্ষামন্ত্রীকে স্মারকলিপি

# প্রস্তাবিত শিক্ষা আইন সংশোধনের দাবি

নিজস্ব প্রতিবেদক ●

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের অনুমোদন ছাড়াই স্বাধীনভাবে 'সহায়ক বই' প্রকাশের সুযোগ বহাল রাখাসহ প্রস্তাবিত শিক্ষা আইনের কয়েকটি উপধারা সংশোধনের দাবিতে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদের কাছে স্মারকলিপি দিয়েছে বাংলাদেশ পুস্তক প্রকাশক ও বিক্রেতা সমিতি। গতকাল রোববার এই স্মারকলিপি দেওয়া হয়।

এর আগে কেন্দ্রীয় শহীদ মিনারে বেলা ১১টা থেকে ১২টা পর্যন্ত কালো কাপড়ে মুখ বেঁধে নীরব কর্মসূচি পালন করেন পুস্তক প্রকাশক ও বিক্রেতারা। পরে সেখান থেকে মৌন মিছিল নিয়ে তাঁরা সচিবালয় অভিমুখে পদযাত্রা করলে জাতীয় প্রেসক্লাবের সামনে পুলিশ আটকে দেয়। পরে সমিতির একটি প্রতিনিধিদল সচিবালয়ে গিয়ে স্মারকলিপি দিয়ে আসে।

সমিতির সহসভাপতি শ্যামল পাল বলেন, কর্মসূচি অনুযায়ী গতকাল বইয়ের দোকান বন্ধ ছিল এবং সারা দেশের শহীদ মিনারে পুস্তক প্রকাশক ও বিক্রেতারা অবস্থান কর্মসূচি পালন করেন। একই দাবিতে ১৮ এপ্রিল সারা দেশের জেলা প্রশাসকদের মাধ্যমে প্রধানমন্ত্রীর বরাবর স্মারকলিপি দেওয়া হবে। সেদিনও দোকান বন্ধ থাকবে।